

বিদ্যার্থী
আশ্রমের
শতবার্ষিকী
উৎসব, ২০১৬



প্রাঞ্জনীদেব প্রতি সনির্বন্ধ আবেদন

আমরা প্রাঞ্জনী সংসদের মুখপত্র 'আশ্রমবার্তা'র দ্বিতীয় বর্ষ প্রথম ও দ্বিতীয় সংখ্যায় শতবার্ষিকী উদযাপনের জন্য বিভিন্ন পরিকল্পনার কথা জানিয়েছিলাম। এগুলি হলঃ

১. শতবার্ষিকী স্মারক ভবন নির্মাণ
২. স্বামী নির্বেদানন্দ রচনাবলী প্রকাশ
৩. স্যুভেনির (স্মারক পত্রিকা) প্রকাশ
৪. শ্রীশ্রীঠাকুর-মা-স্বামীজীর বিষয়ে রচনা/বক্তৃতা ও নানান সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন
৫. প্রাসঙ্গিক বিষয়ে বিশিষ্ট ব্যক্তিগণের আলোচনাচক্রের আয়োজন
৬. গদাধর অভ্যুদয় প্রকল্পের আরো সার্থক বাস্তব রূপায়ণ

এই প্রকল্পগুলির জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছিল ৮০ লক্ষ টাকা। ব্যয়ভার নির্বাহের জন্য উপার্জনক্ষম প্রত্যেক বিদ্যার্থীকে একমাসের বেতনের/উপার্জনের সমপরিমাণ অর্থ (সর্বাধিক ৫ কিস্তিতে প্রদেয়) অনুদান দিতে সনির্বন্ধ অনুরোধ করা হয়েছিল। অনেকেই অনুদান পাঠিয়েছেন। আবার অনেকে হয়তো এই সংবাদ পান নি। তাই সকল বিদ্যার্থীকে পারস্পরিক যোগাযোগ করতে বা সরাসরি বিদ্যার্থী আশ্রমের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ জানাই। এইসঙ্গে অনুদান পাঠানোর জন্য একান্তভাবে প্রার্থনা করি।

উৎসব ও প্রকল্পের জন্য চেক/ড্রাফট "Ramakrishna Mission Calcutta Students' Home"—এই নামে পাঠাতে হবে। এই অনুদান আয়কর আইনের ৪০G ধারায় আয়কর মুক্ত। Online-এ ও <http://www.rkmstudentshome.org> এই ঠিকানায় log in করে আপনার অনুদান পাঠাতে পারেন।

নিবেদক—

স্বামী অভ্যাসানন্দ
সভাপতি
প্রাঞ্জনী সংসদ

স্বামী একব্রতানন্দ
কার্যকরী সভাপতি
প্রাঞ্জনী সংসদ

শ্রীবিদ্যুৎ বরণ ঘোষ
সম্পাদক
প্রাঞ্জনী সংসদ

বিদ্যার্থী
আশ্রমের
শতবার্ষিকী
উৎসব, ২০১৬



রামকৃষ্ণ মিশন কলিকাতা বিদ্যার্থী আশ্রম
প্রাঞ্জনী সংসদ

বেলঘরিয়া, কলকাতা-৭০০০৫৬

ফোন : ০৩৩ ২৫৪১-১৫৬৪, ২৮৭৪-১৪৭৩/৭৪

E-mail : rkmbelgharia@gmail.com

Website : www.rkmstudentshome.org

শ্রীশ্রীরামকৃষ্ণঃ শরনম্

রামকৃষ্ণ মিশন কলিকাতা বিদ্যার্থী আশ্রম
বেলঘরিয়া, কলকাতা-৭০০০৫৬
শুভ নববর্ষ, ১৪২২

ভ্রাতৃপ্রতিমেষু,

অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে আমাদের প্রিয় বিদ্যার্থী আশ্রমের শতবার্ষিকী উৎসবের শুভসূচনার কাল সমাগতপ্রায়। ২০১৫, ডিসেম্বর ২৫ (শুক্রবার), ২৬ (শনিবার) ও ২৭ (রবিবার)—এই তিনদিন ধরে অনুষ্ঠিত হবে শতবার্ষিকী উৎসবের উদ্বোধন ও শুভসূচনা এবং ২৭তম পুনর্মিলন উৎসব। শতবার্ষিকী উৎসবের সমাপ্তি হবে ২০১৬ সালের ডিসেম্বরের ২৫, ২৬, ২৭ ও ২৮—এই চতুর্দিবসীয়া অনুষ্ঠান উদযাপনের মধ্য দিয়ে। এই উৎসবের বিভিন্ন কার্যক্রম সারা ২০১৬ সাল ব্যাপী অনুষ্ঠিত হবে। এই সকল উৎসবে যোগদানের জন্য আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ জানাই।

পুণ্যশ্লোক স্বামী নির্বেদানন্দের (অনাদি মহারাজ) সাধনার সম্পদ এই বিদ্যার্থী আশ্রম। তাঁরই প্রচেষ্টায় ১৯১৩ সালে কলকাতার বহুবাজার অঞ্চলের (জেলেপাড়া লেন) একটি ভাড়া বাড়িতে কোচিং ক্লাসের মাধ্যমে এই আশ্রমের শুভসূচনা হয়, যদিও ১৯১৬ সালে এই কোচিং ক্লাস যথার্থ আশ্রমের রূপ নেয়। আশ্রম রামকৃষ্ণ মিশনের অন্তর্ভুক্ত হয় ১৯১৯ সালে, নাম হয় "Ramakrishna Mission Calcutta Students' Home"। পরম পূজ্যপাদ শ্রীরামকৃষ্ণ-পার্বদ স্বামী ব্রহ্মানন্দজী (রাজা মহারাজ) ১৯২০ সালের ২৪ ডিসেম্বর আশ্রমে শুভ পদার্পণ করেন এবং সারাদিন অতিবাহিত করেন। আশ্রম তাঁর আশীর্বাদ-ধারায় সিঁধিত হয়ে ধন্য হয়।

প্রথম দিকে আশ্রমের চলার পথ খুব একটা মসৃণ ছিল না। আর্থিক ও অন্যান্য নানা কারণে অনেক সময়েই ভ্রাম্যমান জীবন ছিল আশ্রমের। তাই দেখি জেলেপাড়া লেন থেকে কর্পোরেশন স্ট্রীট, বাঁকারায় স্ট্রীট, হালদার লেন,

গৌরিপুর, টাকি-হাসনাবাদ, সোদপুর, হরিনাথ দে রোড প্রভৃতি স্থান হয়ে আশ্রম বেলঘরিয়ায় তার বর্তমান স্থায়ী বাসস্থানে আসে ১৯৫৪ সালে। স্বামী বিবেকানন্দের শিক্ষাদর্শ ও স্বামী নির্বেদানন্দের পরিকল্পনা অনুসারে স্বামী সন্তোষানন্দ (অশেষ মহারাজ) ও স্বামী বিশোকানন্দ (প্রীতি মহারাজ) প্রমুখ সন্ন্যাসীদের অক্লান্ত পরিশ্রমে আশ্রম ক্রমশঃ ব্যাপ্তি লাভ করে।

ছাত্রদের জন্য একটি Diploma Engineering College Ramakrishna Mission Shilpapitha (1958) এবং সর্বসাধারণের জন্য Vivekananda Centenary Library (1963) চালু হয়। পরবর্তীকালে শ্রীরামকৃষ্ণদেবের পার্বদ পূজ্যপাদ স্বামী বিজ্ঞানানন্দজীর পৈতৃক ভিটায় স্থাপিত হয় স্বামী বিজ্ঞানানন্দ স্মৃতিমন্দির (১৯৮৯)। সবকিছু নিয়ে বিদ্যার্থী আশ্রম আজ পরিণত হয়েছে একটি মহীরুহে।

এরপর যথাকালে পালিত হয়েছে বিদ্যার্থী আশ্রমের রজত জয়ন্তী (১৯৪১) গৌরিপুরে এবং সুবর্ণজয়ন্তী (১৯৬৬), হীরক-জয়ন্তী (১৯৭৬) ও প্লাটিনাম-জয়ন্তী (১৯৯১) বেলঘরিয়ায়। এখন আমাদের সামনে শতবর্ষের উৎসব। এই উৎসবকে সর্বতোভাবে স্মরণীয় ও সাফল্যমণ্ডিত করার জন্য আমরা বদ্ধপরিকর। তার জন্য চাই আমাদের প্রত্যেক প্রাঞ্জন বিদ্যার্থীর আন্তরিক সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণ। বিদ্যার্থী আশ্রম সকল প্রাঞ্জন বিদ্যার্থী, ভক্ত ও শুভানুধ্যায়ীদের শতবার্ষিকী উৎসবের আনন্দযজ্ঞে অংশগ্রহণের জন্য সাদর নিমন্ত্রণ জানাচ্ছে।

শ্রীশ্রীঠাকুর, মা ও স্বামীজীর নিকট আপনাদের সার্বিক কল্যাণ ও কুশল প্রার্থনা করি। ইতি—

স্বামী অভ্যাসানন্দ
সভাপতি
প্রাঞ্জনী সংসদ

স্বামী একব্রতানন্দ
কার্যকরী সভাপতি
প্রাঞ্জনী সংসদ

শ্রীবিদ্যুৎ বরণ ঘোষ
সম্পাদক
প্রাঞ্জনী সংসদ

